১২

দৈনিক বাংলা

তারিখ 12 DEC 1994
পৃষ্ঠা ৫ কলাম ৭

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রী হল

উচ্চশিক্ষা উৎসাহিত করতে হলে শিক্ষার্থীদের থাকার সুব্যবস্থাসহ অনুষঙ্গ বিষয়গুলির দিকে অবশ্যই মনোযোগ দিতে হবে। দৈনিক বাংলার রিপোর্টে আরো একটি ছাত্রী হল হবার খবর আছে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন একটি ছাত্রী হল নির্মাণ ও কয়েকটি পুরানো হলকে বহুতল করার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে ৫ কোটি ২৬ লাখ টাকা বরাদ্দ দিয়েছেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের জন্য আর একটি ছাত্রী হল নির্মাণের সিদ্ধান্তকে আমরা সঠিক বলে মনে করি। গত বিশ-তিরিশ বছরে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রছাত্রীর সংখ্যা বহুগুণ বৃদ্ধি পেয়েছে। ছাত্রীদের কথা এক্ষেত্রে বিশেষভাবে উল্লেখ্য। আগের তুলনায় এখন মেয়েরা অনেক বেশী সংখ্যায় উচ্চশিক্ষা গ্রহণে এগিয়ে আসছে। মেয়েদের শিক্ষাকে উৎসাহিত করার লক্ষ্যে বিশেষ ব্যবস্থা গৃহীত হওয়ায় এ প্রবণতা দিন দিন বৃদ্ধি পাবে বলেই আশা করা যায়। উচ্চশিক্ষা অঙ্গনে মেয়েদের ভিড় বাড়বে। কিন্তু অধিক সংখ্যক শিক্ষার্থীকে স্থান দেবার জন্য ক্লাসে আসন সংখ্যা বৃদ্ধি করার যেমন প্রয়োজন আছে তেমনি হলে স্থানসংকুলানের প্রশ্নও আছে। বিশেষ করে মেয়েদের থাকার জায়গার বিষয়টা বিবেচনা করতেই হয়। আমাদের সমাজে মেয়েদের পক্ষে যেখানে সেখানে থেকে লেখাপড়া করা সম্ভব নয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমস্যা যে একটা-দু'টা নয় একথা সবাই জানে। আমরা ইতিবাচক দৃষ্টিকোণ থেকেই গোটা বিষয়টা দেখতে চাই। সংশ্লিষ্ট সকল পক্ষ উদ্যোগ নিলে ঢাকা ভার্সিটিতে সামগ্রিকভাবে শৃংখলা ফিরিয়ে আনা সম্ভব বলেই আমরা বিশ্বাস করি।